

দৈনিক জনক

তারিখ
পৃষ্ঠা ৩ কাল

**সকল শিক্ষা প্রতিষ্ঠানে আবার
শরীরচর্চা ও এ্যাসেম্বলি
বাধ্যতামূলক করা হচ্ছে**

স্টাফ রিপোর্টার ॥ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আবার শরীরচর্চা (পিটি) এবং এ্যাসেম্বলি (সমাবেশ) বাধ্যতামূলক করা হচ্ছে। সিদ্ধান্ত অনুসারে আগামী পহেলা অক্টোবর থেকে দেশের সকল প্রাথমিক এবং মাধ্যমিক স্কুলে এসব কার্যক্রম বাধ্যতামূলকভাবে পালন করতে হবে। বৃহস্পতিবার শিক্ষা ও ক্রীড়া মন্ত্রণালয়ের মধ্যে এ ব্যবস্থার স্বাক্ষরিত হয়েছে একটি সমঝোতা স্মারক (এমওইউ)। শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক এবং যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ফজলুর রহমান পটল তাতে স্বাক্ষর করেন। উল্লেখ্য- এর আগে স্কুলে ক্লাস শুরু আগে প্রতিদিন সকালে এ্যাসেম্বলি অনুষ্ঠিত হতো। সেখানে শরীরচর্চার পাশাপাশি সকল ছাত্র-শিক্ষকের উপস্থিতিতে কোরান তেলাওয়াত, জাতীয় পতাকা উত্তোলন, সমবেত কণ্ঠে গণনাচা বাঁকা উচ্চারণ এবং জাতীয় সঙ্গীত গায়ার রওয়াক চালু ছিল।